

খুলনার ১০১ শিক্ষা প্রতিষ্ঠানে সেকায়েপের কাজ শুরু

■ এনানুস হক, খুলনা অফিস
খুলনা বিভাগের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সুশেখ পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিত করতে সেকায়েপের একুশেচরণ কোম্পানিটি অ্যান্ড অ্যাকশন এনহ্যান্সমেন্ট প্রজেক্টের (সেকায়েপ) কাজ শুরু হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এ কর্মসূচি বাস্তবায়ন করছে। যেসব শিক্ষা প্রতিষ্ঠানে সুশেখ পানি সরবরাহের জন্য কোন নলকূপ নেই অথবা অপর্যাপ্ত- এমন শিক্ষা প্রতিষ্ঠানে নলকূপ স্থাপনের জন্য সেকায়েপ হাতে নেয়া হয়।

প্রকল্পের আওতায় খুলনা বিভাগের ১৮টি উপজেলার ১০১টি শিক্ষা প্রতিষ্ঠান ডাঙ্গিকাভুক্ত হয়েছেন। প্রকল্পের প্রতিটি প্রতিষ্ঠানের জন্য ৮৬ হাজার ৬০০ টাকা বরাদ্দ দেয়া হচ্ছে। এর মধ্যে জেলার কয়রা ও পাইকপাড়া উপজেলার বিভিন্ন স্থানে প্রকল্পের কাজ শুরু হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নলকূপগুলোতে প্রতিবছর আর্থনিক দুশ্বগের মাত্রা পরীক্ষা করা হবে। অপরদিকে, প্রকল্পভুক্ত যেসব শিক্ষা প্রতিষ্ঠানে আর্থনিক দুশ্বগের জন্য গভীর কিংবা অগভীর নলকূপ স্থাপন করা সম্ভব হবে না, সেসব প্রতিষ্ঠানে নিরাপদ পানি সরবরাহের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হবে। এর মধ্যে কৃষ্টির পানি সংরক্ষণ এবং অল্প মাত্রার লবণাক্ত পুকুরের পানি পরিশোধন করে স্রো স্যান্ড ফিল্টারের মাধ্যমে সংরক্ষণ উল্লেখযোগ্য।

গত শনিবার খুলনায় চলমান এ প্রকল্প নিয়ে ইমপ্রুভিং রুর্স ফ্যাসিলিটিজ কর্মসূচি বাস্তবায়ন বিষয়ক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে সভাপতিত্ব করেন টিচার্স ট্রেনিং কমন্সের (টিটিসি) ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিখিল কুমার রায়। প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও সেকায়েপ এর পরিচালক মোঃ মিরাজুল ইসলাম। রিমোর্স পারসন ছিলেন সেকায়েপ এর সহকারী পরিচালক মোঃ হামিদুল বাশীর। ওরিয়েন্টেশনে কৌশলগত বিষয়ের ওপর আলোচনা করেন জনবাহ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী এ এম নিরাজুল আলম।